বাবা ও চাচার বিরুদ্ধে ঝিনাইদহে ভাই-বোনের সংবাদ সম্মেলন

সম্পত্তি আত্মসাৎ এবং নির্যাতনের অভিযোগ তুলে ঝিনাইদহে বাবা ও চাচার বিরুদ্ধে সংবাদ করেছেন দুই ভাইবোন।

বৃহস্পতিবার (১৪ মে) ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ সংবাদ সম্মেলন করেন সদর উপজেলার ধোপাবিলা গ্রামের আব্দুল মোতালেবের মেয়ে লিমা খাতুন ও ছেলে ইকরামুল।

সেসময় অভিযোগ করা হয় আব্দুল মোত্তালেব অসৎ চরিত্রের হওয়ায় ২০১৬ সালে তার পিতা আজিজুল হক নাতি ইকরামুলের নামে ২ একর ৫ শতাংশ ও ২০১৭ সালে নাতনী লিমা খাতুনের নামে ২৫ শতাংশ জমি রেজিস্ট্রি করে দেন। এরপর থেকে ওই জমি ভোগদখল করে আব্দুল মোত্তালেব। কিছুদিন আগে ছেলে ও মেয়েকে না জানিয়ে বন্দক রেখেছে। সেই জমিতে এখন আর যেতে পারছেন না ছেলে ও মেয়ে।

সংবাদ সম্মেলনে মেয়ে লিমা খাতুন অভিযোগ করে বলেন, দীর্ঘদিন ধরে তার পিতা আব্দুল মোতালেব, চাচা আবু বক্কর ওরফে বাক্কা এবং সৎ দাদা জাহিদুল ইসলাম পরিকল্পিতভাবে তাদের পরিবারকে জমিজমা নিয়ে হয়রানি ও বঞ্চনার শিকার করে আসছেন।

তিনি জানান, তার মা জীবিত থাকাকালে পিতা একাধিক বিয়ে করেন, যা নিয়ে পরিবারে তীব্র বিরোধ তৈরি হয়। তারা মোট পাঁচ ভাই-বোন, যার মধ্যে বড় ভাই ইকরামুল ইসলাম বিজিবি সদস্য হিসেবে কক্সবাজারে কর্মরত। তিনি নিজে ঝিনাইদহ কেসি কলেজ থেকে অর্থনীতিতে মাস্টার্স সম্পন্ন করে চাকরির চেষ্টা করছেন। অভিযোগে তিনি বলেন, পিতার বিভিন্ন অনৈতিক কর্মকাণ্ড ও একাধিক বিয়ের কারণে পারিবারিক জীবনে চরম অস্থিরতা সৃষ্টি হয়।

ছেলে ইকরামুল অভিযোগ করেন করেন, বাড়ির পাশের এক নারীর সঙ্গে অনৈতিক সম্পর্ক ধরা পড়ায় পিতার বিরুদ্ধে ধর্ষণ মামলা হয় এবং সেই মামলা মীমাংসার অজুহাতে দাদার রেখে যাওয়া জমি কুমড়াবাড়িয়া গ্রামের মোজাম নামের এক ব্যক্তির কাছে বিক্রি করা হয়।

পরবর্তীতে ঝিনাইদহের কাঞ্চনপুর এলাকায় আবারও অন্য এক নারীর সঙ্গে অবৈধ সম্পর্কের কারণে স্থানীয়দের চাপে তাকে বিয়ে করানো হয় বলে তিনি দাবি করেন। ওই নারীর পূর্বে একাধিক বিয়ে ও সন্তান রয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

তিনি আরও অভিযোগ করে বলেন, সম্প্রতি ছুটিতে বাড়িতে আসার পর নিজস্ব বাড়িতে গেলে ভাড়াটে লোকজন দিয়ে আমার ওপর হামলা চালানো হয়। এতে আমি ও আমার ছোট শিশু সন্তান গুরুতর আহত হয়ে কয়েকদিন ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন ছিলাম।

এছাড়া তিনি জানান, তার ফুফু জোসনা খাতুনের পৈত্রিক সূত্রে পাওয়া জমিও জোরপূর্বক বিক্রি করে দেওয়া হচ্ছে। এ বিষয়ে তিনি ঝিনাইদহ আদালতে বণ্টননামা মামলা করেছেন এবং তিনি আজকের সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন। একইভাবে তার বড় ভাবিও উপস্থিত থেকে পারিবারিক নির্যাতন ও বঞ্চনার বিষয়গুলো সমর্থন করেন বলে জানান লিমা খাতুন।

নিজেদের পৈত্রিক সম্পত্তি রক্ষা, ন্যায়বিচার এবং নিরাপত্তা নিশ্চিত করতে তারা আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন বলে জানান। একই সঙ্গে তিনি প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন এবং ঘটনার সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত সত্য উদঘাটনের দাবি জানান তারা।

ঝিনাইদহে পুষ্টি উন্নয়ন ও নিরাপদ খাদ্য নিশ্চিতে অংশীদার সম্মেলন

ঝিনাইদহে পুষ্টি উন্নয়ন, নিরাপদ খাদ্য নিশ্চিত, রপ্তানিমুখী বাণিজ্যিক কৃষি সমৃদ্ধ করতে অংশীদার সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে শহরের একটি কমিউনিটি সেন্টারে সম্মেলনের আয়োজন করে এন্টারপ্রেনশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ(পার্টনার)।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো.কামরুজ্জামানের

সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক নোমান হোসেন। মুল প্রবন্ধ উপস্থাপন করেন পার্টনার’র সিনিয়র মনিটরিং অফিসার শেখ মো.সাজ্জাদ হোসেন। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা তারেক হাসান, সদর উপজেলা কৃষি কর্মকর্তা নুর এ নবী। অনুষ্ঠানে সরকারি কর্মকর্তা, এনজিও প্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধিসহ নানা শ্রেনী পেশার মানুষ অংশ নেয়।।সম্মেলনে নতুন প্রযুক্তি, কৃষি যান্ত্রিকীকরণ, খাদ্য ও পুষ্টি, কৃষি পণ্য মূল্য শৃঙ্খল তৈরি করতে কার্যকর ব্যবস্থা নিশ্চিতে সব শ্রেণির মানুষকে যার যার অবস্থান থেকে কাজ করা আহবান জানানো হয়। বিশ্বব্যাংক ও ইফাদের (ওঋঅউ) সহযোগিতায় পরিচালিত এই প্রকল্পের মাধ্যমে স্থানীয় কৃষকরা আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং বিপণন ব্যবস্থার উন্নয়নে নতুন দিশা পাবেন বলে আশা প্রকাশ করেন উপস্থিত অতিথিবৃন্দ

।

মেহেরপুরে অটো-রিকশা চালকদের সাথে জামায়াতের সম্মেলন

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর পৌর শাখার উদ্যোগে অটো ও রিকশা চালকদের নিয়ে সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেল ৪টায় মেহেরপুর কমিউনিটি সেন্টারে আয়োজিত এ সম্মেলনে পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ড থেকে শতাধিক অটো ও রিকশা চালক অংশ নেন।

মেহেরপুর পৌর জামায়াতের আমীর সোহেল রানা ডলারের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনে জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য প্রার্থী তাজউদ্দীন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, জেলা নায়েবে আমীর মহাবুব উল আলম, জেলা

শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, আদর্শ শিক্ষক ফেডারেশন মেহেরপুর জেলা সভাপতি আল আমিন বকুল, জেলা ব্যবসায়ী বিভাগের সভাপতি খালিদ সাইফুল ইসলাম, পৌর ৮ নম্বর ওয়ার্ড জামায়াত সভাপতি সোহেল রানা এবং ৯ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক সোহেল রানা।

সম্মেলনে বক্তারা অটো ও রিকশা চালকদের ন্যায্য পারিশ্রমিক নিশ্চিত করা, নিরাপদ সড়ক পরিবেশ সৃষ্টি, পুলিশ ও প্রশাসনের হয়রানি বন্ধ এবং সুষ্ঠু কর্মপরিবেশ প্রতিষ্ঠার দাবি জানান। তারা চালকদের সংগঠিত হয়ে আইনসম্মত ও শান্তিপূর্ণ উপায়ে নিজেদের অধিকার আদায়ের আহ্বান জানান।

দোয়া ও মোনাজাতের মাধ্যমে সম্মেলনের সমাপ্তি ঘোষণা করা হয়।

রোহিঙ্গা পরিস্থিতি নিয়ে জাতিসংঘের উচ্চপর্যায়ের সম্মেলন আজ

মায়ানমারের রোহিঙ্গা মুসলিম ও অন্যান্য সংখ্যালঘুদের পরিস্থিতি নিয়ে নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরের সাধারণ পরিষদ হলে অনুষ্ঠিত হতে যাচ্ছে একটি গুরুত্বপূর্ণ উচ্চ-স্তরের সম্মেলন। মঙ্গলবার স্থানীয় সময় সকাল ১০টায় (বাংলাদেশ সময় রাত ৮টায়) সম্মেলনটি শুরু হবে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এ সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে বক্তব্য রাখবেন ।

সম্মেলনে রাষ্ট্র ও সরকারপ্রধানসহ কমপক্ষে ৭৫টি দেশ ও সংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহণ নিশ্চিত করেছেন।

জাতিসংঘ আয়োজিত এই সম্মেলনের মূল লক্ষ্য হলো রোহিঙ্গা সংকট নিয়ে রাজনৈতিক সমর্থন জোগাড় করা, আন্তর্জাতিক দৃষ্টি ও মনোযোগ ধরে রাখা, সংকটের সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনা করা এবং মানবাধিকারসহ মূল কারণগুলো নিয়ে আলোচনা করা।

সম্মেলনে মিয়ানমারে রোহিঙ্গাদের স্বেচ্ছায়, নিরাপদে ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের বিষয়টি মূল অগ্রাধিকার হিসেবে উঠে আসবে। অংশগ্রহণকারীরা মাঠপর্যায়ের বাস্তব চিত্র তুলে ধরবেন এবং একটি পূর্ণাঙ্গ, উদ্ভাবনী, বাস্তবমুখী ও সময়-নির্ধারিত পরিকল্পনা প্রণয়নের প্রস্তাব দেবেন।

বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদের সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য হলেন জাকির হোসেন

বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদের সম্মেলন প্রস্তুতি কমিটি গঠণ করা হয়েছে। কমিটিতে মেহেরপুর-১ আসনে বিএনপির সম্ভাব্য সংসদ সদস্য প্রাথী ও শিক্ষক নেতা জাকির হোসেনকে সদস্য করা হয়েছে।

গত ১ সেপ্টেম্বর বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, আহবায়ক প্রফেসর ডা. জেড এম জাহিদ হোসেন এবং সদস্য সচিব কাদের গণি চৌধুরীর নেতৃত্বাধীন বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদের বিদ্যামান আহবায়ক কমিটি বিলুপ্ত করা হয়েছে।

আগামী ৯০ দিনের মধ্যে এ পরিষদের সম্মেলন ও কাউন্সিল অনুষ্ঠানের জন্য ইসমাইল জবিউল্লাহকে আহবায়ক করে ১১ সদস্যর কমিটি গঠণ করা হয়েছে।

বাকি সদস্যরা হলেন ব্যারিস্টার কায়সার কামাল, প্রফেসর ড. মোর্শেদ হাসান খান, কাদের গণী চৌধুরী, ইঞ্জি. শাহরিন ইসলাম তুহিন, ডা. জহিরুল ইসলাম শাকিল, প্রফেসর আব্দুস সালাম, প্রফেসর মোস্তাফিজ, জাকির হোসেন, রফিকুল ইসলাম, মোকসেদুল মোমেনিন

মিথুন।

গাংনীতে বিএনপি নেতাকে আগ্নেয়াস্ত্রসহ আটকের প্রতিবাদে সাংবাদিক সম্মেলন

আগ্নেয়াস্ত্র, গুলি ও ম্যাগাজিনসহ বিএনপি নেতা গোলাম মোস্তফা ডাকুকে গ্রেফতারের প্রতিবাদ এবং তার নিঃশর্ত মুক্তির দাবিতে সাংবাদিক সম্মেলন করেছেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

গতকাল সোমবার দুপুর আড়াই টার সময় আসাদুজ্জামান বাবলুর গাংনী হাসপাতাল বাজারস্থ অফিসে এই সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সময় গাংনী পৌর স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি শাজাহান সেলিম, গাংনী পৌর জাসাসের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হুসাইনসহ বিএনপি নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে আসাদুজ্জামান বাবলু বলেন, গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, ইদানীং দলের ভাবমূর্তি ক্ষুণ্ন করার জন্য বিভিন্ন স্বার্থনেষী মহল অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। অন্তর্বর্তী সরকার ঘোষিত জাতীয় নির্বাচনের রোডম্যাপ বানচাল করার জন্য আইনশৃঙ্খলা পরিস্থিতির দোহাই দিয়ে বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে অযাচিতভাবে চাঁদাবাজি, অস্ত্রবাজিসহ এ ধরনের মিথ্যা অভিযোগ এনে উদ্দেশ্যপ্রণোদিতভাবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী গ্রেফতার করছে।

এই ধারাবাহিকতায় গাংনী পৌর বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ও ৪ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা ডাকুকে নিজ বাড়ি থেকে গ্রেফতারের নাটক সাজানো হয়েছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত গ্রেফতার করে দলের ভাবমূর্তি ক্ষুণ্ন করা হচ্ছে। গোলাম মোস্তফা ডাকু বিগত স্বৈরাচারবিরোধী আন্দোলনে রাজপথের লড়াকু সৈনিক। তার

বিরুদ্ধে খুনি হাসিনা সরকার বিভিন্ন মিথ্যা অভিযোগে ১০টি মামলা দায়ের করেছে। ফ্যাসিস্ট সরকার তার বিরুদ্ধে বিভিন্ন মামলা করলেও এ ধরনের নাটক সাজিয়ে আগ্নেয়াস্ত্র দিয়ে ফাঁসানোর চেষ্টা করা হয়নি। দলের নেতাকর্মীদের মনোবল ভেঙে দেওয়া ও জাতীয় সংসদ নির্বাচন বানচাল করার জন্য এটি একটি গভীর ষড়যন্ত্র।

জাতীয়তাবাদী দলের গাংনী উপজেলা ও পৌর শাখার এই অপ্রত্যাশিত এবং অনাকাঙ্ক্ষিত গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে। অবিলম্বে গোলাম মোস্তফা ডাকুকে নিঃশর্ত মুক্তি দিতে হবে এবং যাদের ষড়যন্ত্রে এই মিথ্যা নাটক সাজানো হয়েছে তাদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে। বিষয়টি অধিকতর তদন্তের জন্য সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের অনুরোধ জানান তিনি।

এদিকে গোলাম মোস্তফা ডাকুকে গ্রেফতারের পর থেকেই সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে নিন্দার ঝড় উঠেছে। তার গ্রেফতারকে সাজানো নাটক আখ্যায়িত করে বিভিন্ন ব্যক্তি পোস্ট দিচ্ছেন। কেউ বলেছেন, গাংনীতে একই অস্ত্র দিয়ে র্যাব বারবার একাধিক ব্যক্তিকে চালান দিচ্ছে। যা ফ্যাসিবাদী সরকারের সময়ের সেই রূপ। কেউ কেউ তীব্র নিন্দা জানাচ্ছেন।

উল্লেখ্য, গাংনী পৌর বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ও ৪ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা ডাকুকে গতকাল সোমবার ভোররাত সাড়ে ৪টার সময় তার নিজ বাড়ি চৌগাছা থেকে আটক করেন র্যাব ও সেনাবাহিনীর নেতৃত্বে যৌথবাহিনী। এ সময় একটি বিদেশি পিস্তল, ৩ রাউন্ড তাজা গুলি ও দুটি ম্যাগাজিন উদ্ধারের দাবি করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩ মেহেরপুরের গাংনী ক্যাম্প। বেলা সাড়ে ৯টার দিকে র্যাব-১২ গাংনী ক্যাম্পের পক্ষ থেকে ছবি ও তথ্য সরবরাহ করে সাংবাদিকদের তা নিশ্চিত করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সম্মেলন শুরু

দীর্ঘ ১৭ বছর পর অনুষ্ঠিত হচ্ছে মেহেরপুর জেলা বিএনপি’র সম্মেলন। আজ শনিবার মেহেরপুর সরকারি কলেজ মাঠ প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। জাতীয় পতাকা, দলীয় পতাকা ও শান্তির প্রতীক পায়রা উড়িয়ে এ সম্মেলনের সূচনা হয়।

জেলা বিএনপি’র আহ্বায়ক জাবেদ মাসুদ মিল্টনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ভাইস চেয়ারম্যান অধ্যাপক নার্গিস বেগম।

জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সঞ্চালনায় অনুষ্ঠানের উদ্বোধন করেন, চেয়ারপার্সনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য ও খুলনা বিভাগ আহ্বায়ক, সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য, সাবেক এমপি আমান উল্লাহ আমান।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত আছেন, জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত। বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, জাতীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত আছেন, সাবেক এমপি আমজাদ হোসেন।

জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক মোঃ আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ, সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন প্রমুখ।

মেহেরপুর জেলা বিএনপির সম্মেলন আজ

১৭ বছর পর বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি’র মেহেরপুর জেলা শাখার সম্মেলন আজ শনিবার অনুষ্ঠিত হবে। সকাল ১০টায় মেহেরপুর সরকারি

কলেজ মাঠে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। সম্মেলন শেষে ভোটের মাধ্যমে জেলা কমিটি গঠণ করার কথা থাকলেও সবকটি পদে বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত হয়ে গেছেন। ফলে শুধু আনুষ্ঠানিক ঘোষণার বাকি রয়েছে।

সভাপতি পদে জাভেদ মাসুদ মিল্টন, সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান, সাংগঠনিক সম্পাদক পদে আখেরুজ্জামান, ওমর ফারুক লিটন ও রোমানা আহমেদ বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত হয়েছেন।

দলীয় সূত্র জানায়, সম্মেলনের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিএনপি’র ভাইস চেয়ারম্যান অধ্যাপক নার্গিস বেগম। উদ্বোধন করবেন জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও ঢাকা মহানগর উত্তর বিএনপি’র সহ-সভাপতি সাবেক সংসদ সদস্য আমান উল্লাহ আমান।
প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখবেন জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত। বিশেষ বক্তা থাকবেন সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু।

এছাড়া অতিথি হিসেবে অংশ নেবেন বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন এবং জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

সম্মেলনের সভাপতিত্ব করবেন জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন। আয়োজকরা জানিয়েছেন, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের বিএনপি এবং অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা এতে যোগ দেবেন।

মেহেরপুরে জেলা বিএনপি’র সম্মেলন উপলক্ষে প্রস্তুতি সভা

আগামী ৩০ আগস্ট মেহেরপুর জেলা বিএনপি’র সম্মেলন সফল করতে জেলা বিএনপি কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান সভাপতিত্ব করেন।

সভায় আরও উপস্থিত ছিলেন, যুগ্ম আহ্বায়ক ও সদর উপজেলার সভাপতি

ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাধারণ সম্পাদক সাইদুর রহমান। পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ ও সাধারণ সম্পাদক এহান উদ্দিন মনা, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মোল্লা মিন্টু।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাবেক সদর থানা যুবদল সভাপতি মোহাম্মদ নাসির উদ্দিন, জেলা শাখা শহীদ জিয়া স্মৃতি সংসদের সাধারণ সম্পাদক নাজমুল ইসলামসহ জেলার বিভিন্ন প্রান্ত থেকে আগত নেতাকর্মীরা।

প্রস্তুতি সভায় বক্তারা বলেন, আগামী ৩০শে আগস্ট জেলা বিএনপি’র সম্মেলনকে ঘিরে বিএনপি নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে। তারা সম্মেলনকে সফল করতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

মেহেরপুরে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী ও দ্বি-বার্ষিক সম্মেলনের প্রস্তুতি সভা

বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী ও আসন্ন মেহেরপুর জেলা দ্বি-বার্ষিক সম্মেলনের প্রস্তুতি এবং জেলার ৫টি ইউনিটসহ তৃণমূল স্তরের কর্মকাণ্ডের সার্বিক মূল্যায়ন উপলক্ষে বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৩ আগস্ট) সকাল ১১টার দিকে মুজিবনগর পর্যটক মোটেল কমপ্লেক্সে এ সভার আয়োজন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপি আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন। সভা পরিচালনা করেন জেলা বিএনপি সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, আনছার উল হক, খাইরুল বাশার, জাকির হোসেন, মীর ফারুক, আবু সালেহ নাসিম, রোমানা আহম্মেদ, রেজাউল হক প্রমুখ।

এছাড়াও এসময় মুজিবনগর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মশিউর রহমান, সদর উপজেলা বিএনপির, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেন, হামিদ খান গাজু, গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক আবদাল হক, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলম, আবু ইউসুফ মিরন, গাংনী পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক শাহিদুল ইসলাম প্রমুখ।

সভায় আগামী প্রতিষ্ঠাবার্ষিকী ও সম্মেলন সফলভাবে সম্পন্ন করার জন্য সর্বস্তরের নেতা-কর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানানো হয়।